সংবাদ

তারিখ 31 JAN 2017
পৃষ্ঠা ৩-৫ কলাম ৭

# শিক্ষকদের গাইড বই কেনার তাগিদে হিমশিম অভিভাবক

প্রতিনিধি, কিশোরগঞ্জ

কিশোরগঞ্জে প্রকাশ্যেই গাইড বই বিক্রি হচ্ছে। বিদ্যালয় এবং কোচিং সেন্টারের শিক্ষকরা শিক্ষার্থীদের বিভিন্ন প্রকাশনীর গাইড বই কেনার তাগিদ দেন। তাও আবার একেক শিক্ষক একই শ্রেণীর শিক্ষার্থীদের একেক প্রকাশনীর গাইড বই কেনার তাগিদ দেন। আবার স্কুলে যেসব প্রকাশনীর গাইড বই কেনার তাগিদ দেয়া হচ্ছে, কোচিং সেন্টারে হয়ত সেগুলোর পরিবর্তে অন্য প্রকাশনীর গাইড বই কেনার তাগিদ দেয়া হচ্ছে। যে কারণে একজন শিক্ষার্থীর জন্য অভিভাবককে একাধিক প্রকাশনীর গাইড বই কিনতে হচ্ছে। বাজারে জুপিটার, পাঞ্জেরিসহ কয়েক নামের প্রকশানী সংস্থার গাইড বই পাওয়া যাচ্ছে।

এসব প্রকাশনী সংস্থা আবার তাদের প্রকাশনীর গাইড বই বিক্রি নিশ্চিত করার জন্য আবার শিক্ষকদের সঙ্গে টাকার বিনিময়ে চুক্তি করেন বলে অভিযোগ বহু পুরনো। যদিও শিক্ষকরা এ ধরনের অভিযোগ বরাবরই অস্বীকার করে আসছেন। তবে এখনও একেক শিক্ষককে একেক ধরনের গাইড বই কেনার তাগিদ দিতে দেখা যাচ্ছে। আর এক সেট গাইড বই কিনতে একজন অভিভাবককে প্রায় ৮০০ টাকা বাড়তি গুণতে হচ্ছে। একাধিক প্রকাশনীর গাইড বই কিনতে গেলে সেই অঙ্কটা আরও ওপরে উঠে যায়। পাঞ্জেরি এবং জুপিটার প্রকাশনীর ৮ম শ্রেণীর একসেট গাইডের দাম ৮৪৫ টাকা। অন্যান্য শ্রেণীর গাইড বইয়ের দামও কাছাকাছি।